

# মটস

মিরপুর এগ্রিকালচারাল ওয়ার্কশপ এন্ড ট্রেনিং স্কুল  
(কারিতাস বাংলাদেশের একটি ট্রাস্ট)

# MAWTS

Mirpur Agricultural Workshop & Training School  
(A Trust of Caritas Bangladesh)



■ INSTITUTE OF TECHNOLOGY ■ ENGINEERING & TECHNOLOGICAL SERVICES

Ref No : ডিআইআর/২০২৪-২৫/৬১৫

Date : ১২.১২.২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

মটস ইনস্টিটিউট অব টেকনোলজিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্প হতে প্রাপ্ত Institutional Development Grant (IDG)-এর আওতাধীন খাতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দৈনিক কার্যভিত্তিক নিম্নবর্ণিত জনবল নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদেরকে অধ্যক্ষের দপ্তর হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক আগামী ২৩/১২/২০২৪ তারিখের মধ্যে অধ্যক্ষের কার্যালয়ে আবেদনপত্র জমা দেয়ার জন্য আহ্বান জানানো হলে। পদের জন্য যোগ্যতা, অভিজ্ঞতাসহ অন্যান্য শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো:

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন
০১	জব প্রেসমেন্ট অফিসার	০১	ক) বয়স: ন্যূনতম ২৮ বছর; খ) শিক্ষাগত যোগ্যতা: অনুমোদিত কলেজ/বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী; এবং গ) অভিজ্ঞতা: শিল্প প্রতিষ্ঠান অথবা বাস্তব কর্মক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার কাজে দক্ষতা থাকতে হবে।	১০০০ (এক হাজার) টাকা প্রতি কর্মদিবস তবে মাসিক সর্বোচ্চ কর্মদিবস ২২ (বাইশ) দিনের বেশী হবে না।
০২	অফিস সহকারী	০১	ক) বয়স: ন্যূনতম ২৮ বছর; খ) শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এস.এস.সি পাশ; গ) অভিজ্ঞতা: দাপ্তরিক কাজে ৩ বছরের অভিজ্ঞতাসহ কম্পিউটারে কাজ করার দক্ষতা।	৫০০ (পাঁচশত) টাকা প্রতি কর্মদিবস তবে মাসিক সর্বোচ্চ কর্মদিবস ২২ (বাইশ) দিনের বেশী হবে না।

আবেদনের শর্তাবলীঃ

- আবেদনকারী নিম্নলিখিত ছক অনুসারে জীবন-বৃত্তান্ত উল্লেখ পূর্বক সাদা কাগজে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করতে হবে।  
১। প্রার্থীর নাম ২। পিতা/ স্বামীর নাম ৩। মাতার নাম ৪। জন্ম তারিখ, ৫। ধর্ম ও জাতীয়তা ৬। স্থায়ী ঠিকানা ৭। বর্তমান/ যোগাযোগ এর ঠিকানা ও মোবাইল নম্বরসহ ৮। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ৯। দুইজন গন্যমান্য ব্যক্তির (চাকুরীরতদের ক্ষেত্রে প্রাক্তন ও বর্তমান সুপারভাইজার) নাম, ঠিকানা, টেলিফোন নম্বর ও আবেদনকারীর সাথে তার সম্পর্ক।
- আবেদনকারীর বয়স: প্রার্থীর বয়স ন্যূনতম ২৮ হতে হবে। আগ্রহী প্রার্থীকে অবশ্যই সৎ, কর্মঠ, পেশাদার এবং সেবামূলক কাজে উদ্যোগী হতে হবে।
- আবেদনপত্রের সাথে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) চারিত্রিক সনদপত্রের ফটোকপিসমূহ ও সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে জমা দিতে হবে।
- চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র সংযোজন করে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে অবশ্যই প্রার্থীর ইমেল ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগাযোগ করা হবে। ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে মটস'র (কারিতাসের ট্রাস্ট) সকল ধরনের পলিসি অনুসরণ করতে হবে।
- প্রার্থীর কর্মস্থল ঢাকার মিরপুর এলাকায় থাকবে তবে অফিসের প্রয়োজন যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশের যেকোন স্থানে কাজে যেতে বাধ্য থাকতে হবে।
- প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও অভিজ্ঞতার প্রমাণসহ ইন্টারভিউর সময়ে মটস অফিসে প্রদর্শন করতে হবে।
- আবেদনপত্র আগামী ২৩/১২/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌঁছাতে হবে অথবা সরাসরি জমা দেয়া যাবে।
- এই নিয়োগ বিজ্ঞপ্তি কোন কারণ দর্শানো ব্যতীত পরিবর্তন, স্থগিত বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অধ্যক্ষ

মটস ইনস্টিটিউট অব টেকনোলজি

১/সি-১/এ পল্লবী, মিরপুর-১২, ঢাকা- ১২১৬। ফোন: ০১৩২৯৬৩৯৫৩৩ <general@mawts.org>

অনুলিপি:

- মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- জেলা প্রশাসন, ঢাকা
- অধ্যক্ষ, মটস (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)
- উপ-প্রকল্প পরিচালক (আইডিজি), ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রকল্প ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)
- বিভাগীয় প্রধান, মটস
- নোটিশ বোর্ড
- সংরক্ষণ নথি